তালিকা নং-৭২

## দেনমোহর বীমা (লাভসহ)

### ভূমিকা

মহান আল্লাহ্ তায়ালা তাঁর সৃষ্টি রক্ষার্থে জোড়ায় জোড়ায় অন্যান্য প্রাণী ও মানব মানবী সৃষ্টি করেছেন এবং সক্ষম নারী-পুরুষদের মধ্যে বিবাহকে ফরজ ঘোষণা করেছেন। বিয়ের সময় স্ত্রীকে দেনমোহর প্রদান করতে হবে; এটা স্বামী কর্তৃক প্রদেয় স্ত্রীর জন্য ইসলাম কর্তৃক নির্ধারিত অধিকার বিশেষ। **বিয়েতে দেনমোহর প্রদান প্রসঙ্গে পবিত্র কোরআন মজিদে সূরা নিসার ৪ নম্বর আয়াতে আল্লাহ নির্দেশ দিয়েছেন, "আর তোমরা স্ত্রীদেরকে তাদের মোহর দিয়ে দাও খুশীমনে।"।** বিবাহ সম্পাদনের জন্য হাদিস শরীফে সুনির্দিষ্ট নীতিমালার মধ্যে নারীর প্রাপ্য মোহরানা স্বামী কর্তৃক অবশ্যই পরিশোধযোগ্য ঘোষণা করা হয়েছে। এ মোহরানা পরিশোধ না করা হলে রোজ হাশরের দিনে এজন্য জবাবদিহি করতে হবে।

এ পরিকল্পের অধীনে স্ত্রীকে স্বামী কর্তৃক দেয় দেনমোহর প্রদানের নিশ্চয়তা রয়েছে। এ পরিকল্পের অধীনে দেনমোহর এর সম পরিমাণ অংকের বীমা করা হয়। তবে ইচ্ছা করলে এর চেয়ে বেশী অংকের বীমাও করা যাবে।

### যাদের জন্য প্রযোজ্য

ধর্মপ্রাণ অবিবাহিত পুরুষ অথবা ইতোমধ্যে যারা বিবাহ সম্পন্ন করেছেন কিন্তু দেনমোহর পরিশোধ করেননি তাদের জন্য জীবন বীমা কর্পোরেশন চালু করেছেন দেনমোহর বীমা। এ বীমার মাধ্যমে তারা বিবাহের মোহরানা পরিশোধের উদ্দেশ্যে সঞ্চয় করতে পারবে। এ বীমায় নমিনি হিসেবে অবশ্যই স্ত্রী হতে হবে। তবে যারা বিবাহ সম্পন্ন করেন নাই তারা বিবাহের পর নমিনীর নাম দিতে পারবে।

### বৈশিষ্ট্যাবলী ও সুবিধাবলী

- সর্বনিম্ন বীমা অংক ২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা এবং সর্বোচ্চ বীমা অংক আর্থিক সামর্থ্য অনুযায়ী।
- বীমা গ্রহণকালীণ বয়স সর্বনিম্ন ২০ বছর ও সর্বোচ্চ ৫৫ বছর। মেয়াদপূর্তীকালীণ সর্বোচ্চ বয়স ৭০ বছর।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: ষান্মাসিক ও বার্ষিক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

ধর্মপ্রাণ মুসলমানদের জন্য দেনমোহর পরিশোধের আর্থিক চাপ লাঘব করার জন্য চালু করা হয়েছে।

## দেনমোহর বীমা (লাভসহ)

- মেয়াদ: ৫, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫,২০ বছর মেয়াদী পলিসি গ্রহণ করতে পারবেন।
- মূল পলিসির সাথে সহযোগী সুবিধা গ্রহণ করতে পারবে।
- বীমার মেয়াদপূর্তি পর্যন্ত বীমাগ্রাহক বেঁচে থাকলে বীমা অংক অর্জিত বোনাসসহ বীমাগ্রাহক/বীমাগ্রাহক কর্তৃক যথাযথ প্রত্যয়ন সাপেক্ষে স্ত্রীকে মেয়াদোত্তর দাবী পরিশোধের নিশ্চয়তা।
- বীমার মেয়াদের মধ্যে প্রিমিয়াম দাতা (স্বামী) মৃত্যুবরণ করলে বীমা অংক অর্জিত বোনাসসহ স্ত্রীকে প্রদান করা ।
- বীমার শর্তানুযায়ী বীমাগ্রাহক সমর্পণ ও ঋণ গ্রহণ করার সুবিধা প্রাপ্য হবেন।
- প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যাবে এবং বড় অংকের বীমা ও দেয় পদ্ধতির উপর কোন রিবেট নেই।
- অবলিখনের সিদ্ধান্ত সাপেক্ষে ২ বছরের মধ্যে পলিসির টার্ম পরিবর্তন করতে পারবে।
- দুই বছর প্রিমিয়াম দেওয়ার পর পলিসিটি পেইড-আপ মূল্য অর্জন করবে।
- ০৫ (পাঁচ) বছর মেয়াদের ক্ষেত্রে Single Premium পলিসির অনুরূপ হবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।
- ডিভোর্স এর ক্ষেত্রে বীমাগ্রাহক তার ডিভোর্সের কাগজপত্রাদি দাখিল সাপেক্ষে নমিনী পরিবর্তন করতে পারবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web : jbc.gov.bd

দেনমোহর বীমা (লাভসহ)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

## তালিকা নং-৭২

## দেনমোহর বীমা (লাভসহ)

**Premium Rates and Benefits**

Premium Rates for Tk. 1000 sum insurance. Single Premium for 5 years and annual premium for other terms.

Term in years

| বয়স | ৫ (একক প্রিমিয়াম) | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ২০ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭০ | ৮৯.৮৫ | ৮২.৩৯ | ৭৬.০০ | ৭০.৪৯ | ৫১.৩৭ |
| ২১ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭০ | ৮৯.৮৫ | ৮২.৩৯ | ৭৬.০০ | ৭০.৪৯ | ৫১.৩৭ |
| ২২ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭১ | ৮৯.৮৬ | ৮২.৩৯ | ৭৬.০১ | ৭০.৪৯ | ৫১.৩৮ |
| ২৩ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭১ | ৮৯.৮৬ | ৮২.৩৯ | ৭৬.০১ | ৭০.৫০ | ৫১.৩৯ |
| ২৪ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭১ | ৮৯.৮৬ | ৮২.৪০ | ৭৬.০২ | ৭০.৫০ | ৫১.৪১ |
| ২৫ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭২ | ৮৯.৮৭ | ৮২.৪০ | ৭৬.০২ | ৭০.৫১ | ৫১.৪৩ |
| ২৬ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭২ | ৮৯.৮৮ | ৮২.৪১ | ৭৬.০৩ | ৭০.৫২ | ৫১.৪৫ |
| ২৭ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭৩ | ৮৯.৮৮ | ৮২.৪২ | ৭৬.০৪ | ৭০.৫৩ | ৫১.৪৮ |
| ২৮ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭৪ | ৮৯.৮৯ | ৮২.৪৩ | ৭৬.০৬ | ৭০.৫৫ | ৫১.৫১ |
| ২৯ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭৫ | ৮৯.৯১ | ৮২.৪৫ | ৭৬.০৮ | ৭০.৫৮ | ৫১.৫৬ |
| ৩০ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭৭ | ৮৯.৯৩ | ৮২.৪৭ | ৭৬.১০ | ৭০.৬০ | ৫১.৬১ |
| ৩১ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৭৯ | ৮৯.৯৫ | ৮২.৫০ | ৭৬.১৪ | ৭০.৬৪ | ৫১.৬৮ |
| ৩২ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৮১ | ৮৯.৯৮ | ৮২.৫৪ | ৭৬.১৮ | ৭০.৬৯ | ৫১.৭৬ |
| ৩৩ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৮৫ | ৯০.০২ | ৮২.৫৮ | ৭৬.২৩ | ৭০.৭৪ | ৫১.৮৬ |
| ৩৪ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৮৯ | ৯০.০৭ | ৮২.৬৪ | ৭৬.২৯ | ৭০.৮১ | ৫১.৯৭ |
| ৩৫ | ১০০৬ | ১০৯.৩৪ | ৯৮.৯৫ | ৯০.১৪ | ৮২.৭১ | ৭৬.৩৭ | ৭০.৯০ | ৫২.১০ |
| ৩৬ | ১০০৬ | ১০৯.৬২ | ৯৯.০২ | ৯০.২১ | ৮২.৭৯ | ৭৬.৪৬ | ৭১.০১ | ৫২.২৬ |
| ৩৭ | ১০০৬ | ১০৯.৭০ | ৯৯.১০ | ৯০.৩১ | ৮২.৯০ | ৭৬.৫৮ | ৭১.১৩ | ৫২.৪৫ |
| ৩৮ | ১০০৬ | ১০৯.৮০ | ৯৯.২১ | ৯০.৪২ | ৮৩.০২ | ৭৬.৭১ | ৭১.২৮ | ৫২.৬৬ |
| ৩৯ | ১০০৬ | ১০৯.৯১ | ৯৯.৩৪ | ৯০.৫৬ | ৮৩.১৭ | ৭৬.৮৮ | ৭১.৪৫ | ৫২.৯০ |
| ৪০ | ১০০৬ | ১১০.০৫ | ৯৯.৪৯ | ৯০.৭২ | ৮৩.৩৫ | ৭৭.০৭ | ৭১.৬৬ | ৫৩.১৮ |
| ৪১ | ১০০৭ | ১১০.২১ | ৯৯.৬৬ | ৯০.৯২ | ৮৩.৫৫ | ৭৭.২৮ | ৭১.৮৯ | ৫৩.৪৯ |
| ৪২ | ১০০৭ | ১১০.৪১ | ৯৯.৮৭ | ৯১.১৪ | ৮৩.৭৯ | ৭৭.৫৪ | ৭২.১৬ | ৫৩.৮৫ |
| ৪৩ | ১০০৭ | ১১০.৬৩ | ১০০.১১ | ৯১.৩৯ | ৮৪.০৬ | ৭৭.৮২ | ৭২.৪৬ | ৫৪.২৫ |
| ৪৪ | ১০০৭ | ১১০.৮৮ | ১০০.৩৮ | ৯১.৬৮ | ৮৪.৩৭ | ৭৮.১৫ | ৭২.৮১ | ৫৪.৬৯ |
| ৪৫ | ১০০৭ | ১১১.১৭ | ১০০.৬৯ | ৯২.০১ | ৮৪.৭১ | ৭৮.৫২ | ৭৩.১৯ | ৫৫.১৯ |
| ৪৬ | ১০০৮ | ১১১.৫০ | ১০১.০৪ | ৯২.৩৮ | ৮৫.১০ | ৭৮.৯২ | ৭৩.৬২ | ৫৫.৭৪ |
| ৪৭ | ১০০৮ | ১১১.৮৭ | ১০১.৪২ | ৯২.৭৮ | ৮৫.৫৩ | ৭৯.৩৮ | ৭৪.১০ | ৫৬.৩৫ |
| ৪৮ | ১০০৮ | ১১২.২৭ | ১০১.৮৫ | ৯৩.২৪ | ৮৬.০১ | ৭৯.৮৮ | ৭৪.৬৩ | ৫৭.০২ |
| ৪৯ | ১০০৯ | ১১২.৭৩ | ১০২.৩৩ | ৯৩.৭৪ | ৮৬.৫৪ | ৮০.৪৪ | ৭৫.২১ | ৫৭.৭৬ |
| ৫০ | ১০০৯ | ১১৩.২২ | ১০২.৮৬ | ৯৪.২৯ | ৮৭.১২ | ৮১.০৫ | ৭৫.৮৫ | ৫৮.৫৭ |
| ৫১ | ১০১০ | ১১৩.৭৭ | ১০৩.৪৩ | ৯৪.৯০ | ৮৭.৭৬ | ৮১.৭২ | ৭৬.৫৬ | |
| ৫২ | ১০১০ | ১১৪.৩৭ | ১০৪.০৭ | ৯৫.৫৭ | ৮৮.৪৬ | ৮২.৪৬ | ৭৭.৩৩ | |
| ৫৩ | ১০১১ | ১১৫.০৩ | ১০৪.৭৬ | ৯৬.৩০ | ৮৯.২৩ | ৮৩.২৭ | ৭৮.১৮ | |
| ৫৪ | ১০১২ | ১১৫.৭৬ | ১০৫.৫৩ | ৯৭.১১ | ৯০.০৮ | ৮৪.১৬ | ৭৯.১২ | |
| ৫৫ | ১০১২ | ১১৬.৫৫ | ১০৬.৩৭ | ৯৭.৯৯ | ৯১.০১ | ৮৫.১৩ | ৮০.১৫ | |

**উদাহরণ:**

২৮ বছর বয়সের একজন ব্যক্তি ৫ লক্ষ টাকার ১টি দেনমোহর বীমা জীবন বীমা কর্পোরেশন হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও মেয়াদোত্তর দাবী নিম্নরূপ:

### (ক) ১০ বছর মেয়াদের ক্ষেত্রে

বার্ষিক প্রিমিয়াম ১০৯.৩৪×৫০০= ৫৪,৬৭০/-, মোট জমা ৫,৪৬,৭০০/-টাকা। মেয়াদ শেষে বোনাসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ৬,০০,০০০ টাকা প্রাপ্য হবেন। মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হয়, তাহলে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক স্ত্রীকে প্রদান।

### (খ) ১২ বছর মেয়াদের ক্ষেত্রে

বার্ষিক প্রিমিয়াম ৮৯.৮৯×৫০০ = ৪৪,৯৪৫/- টাকা, মোট জমা ৫,৩৯,৩৪০/- টাকা, মেয়াদ শেষে বোনাসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ৬,৯৮,০০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদপূর্তির পূর্বে যদি বীমাগ্রাহকের মৃত্যু হয়, তাহলে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক স্ত্রীকে প্রদান করা হবে।

### (গ) ২০ বছর মেয়াদের ক্ষেত্রে

বার্ষিক প্রিমিয়াম ৫১.৫১×৫০০ = ২৫,৭৫৫/- টাকা, মোট জমা ৫,১৫,১০০/- টাকা। মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ১০,১০,০০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদপূর্তির পূর্বে যদি বীমাগ্রাহকের মৃত্যু হয়, তাহলে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক স্ত্রীকে প্রদান করা হবে।

### দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি:

মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মরণোত্তর দাবীর ক্ষেত্রে:

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১। বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যু সনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।